**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 January 2026** **7:45 PM IST**

==========================================================================

১) সমগ্র দেশে ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপন । নতুন দিল্লীর কর্তব্যপথে দেশের প্রগতি , সামরিক শক্তি ও সাংস্কৃতিক ঐতিহ্যের প্রদর্শন ।

২) রাজ্যের বিভিন্ন জেলায় সাধারণতন্ত্র দিবস উদযাপন । খানাপারায় রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য ও ডিব্রুগড়ে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার অংশগ্রহন ।

৩) বরাক উপত্যকায়ও নানা কার্যসূচীর মাধ্যমে ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপন ।

৪) মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার তিনসুকিয়ায় রাজ্যের দ্বিতীয় দক্ষতা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন ।

দেশের বিভিন্ন প্রান্তে আজ ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপন করা হয়েছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু নতুন দিল্লীর কর্তব্যপথ থেকে সাধারণতন্ত্র দিবস উদযাপনে দেশের নেতৃত্ব দেন । সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে দেশের সংস্কৃতি ও সামরিক শক্তির অনবদ্য প্রদর্শন দেখা যায় । এবারের কুচকাওয়াজে ব্রহ্মস সুপার সনিক ক্ষেপণাস্ত্র প্রণালী , টি-নাইন্টি ভীষ্ম ট্যাঙ্ক ,অর্জুন মূল যুদ্ধ ট্যাঙ্ক আপাসে সিক্সটি এইট হেলিকাপ্টার প্রদর্শন সহ রবোটিক ডোগ মানব বিহীন সেনা বাহন-নিগ্রহ ইত্যাদি ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর পরাক্রম প্রদর্শন করা হয় ।
এবছর সাধারণতন্ত্র দিবসের বিষয়বস্তু হচ্ছে --স্বতন্ত্রতার মন্ত্র : বন্দে মাতরম ও সমৃদ্ধির মন্ত্র : আত্মনির্ভর ভারত । কুচকাওয়াজের পূর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র জাতীয় যুদ্ধ স্মারকে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । এরপর কর্তব্যপথে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর উপস্থিতিতে জাতীয় সংগীত পরিবেশন করা হয় , রাষ্ট্রপতি সশস্ত্র বাহিনী ,আধা সামরিক বাহিনী , অন্যান্য বাহিনীসমূহ , জাতীয় শিক্ষার্থী বাহিনী এবং জাতীয় সেবা প্রকল্পের ক্যাডেটদের কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন । কুচকাওয়াজ শুরু হবার সঙ্গে সঙ্গে পুষ্প বৃষ্টি করা হয় । ঐক্যবদ্ধ লড়াইয়ের জয় শীর্ষকে অপারেশন সিন্দুরের প্রতীকপট প্রদর্শন করা হয় । কর্তব্যপথে সেনার তিনটি বাহিনী স্থলসেনা , নৌসেনা এবং বায়ু সেনা বিভিন্ন দুঃসাহসিক কার্যকলাপের মাধ্যমে শক্তি প্রদর্শন করে । এবারের সাধারণতন্ত্র দিবসের কার্যসূচীতে ইউরোপ কমিশনের অধ্যক্ষ উর্সুলা ভনডের লেয়েন এবং ইউরোপীয়ান কাউন্সিলের সভাপতি এন্টোনিও লুই সান্তোস দ্য কোস্টা মূখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন । কুচকাওয়াজে বিভিন্ন রাজ্য ,কেন্দ্রীয়শাসিত অঞ্চল ,বিভিন্ন মন্ত্রণালয় তথা বিভগের ৩০ টি প্রতীকপট প্রদর্শন করা হয়েছে । এই প্রতীকপটগুলিতে জাতীয় গীত বন্দে মাতরমের ১৫০ বছর

পূর্তি এবং বিভিন্ন ক্ষেত্রে আত্মনির্ভরশীলতার মাধ্যমে দেশের দ্রুত প্রগতির দিকগুলি প্রতিফলিত হয়েছে । এবারের কুচকাওয়াজে ধুবরীর আশারিকান্দির বিখ্যাত পোড়ামাটির শিল্প প্রতীকপট হিসেবে প্রদর্শন করা হয়েছে ।

রাজ্যের বিভিন্ন জেলায়ও নানা কার্যসূচীর মাধ্যমে সাধারণতন্ত্র দিবস উদযাপন করা হয়েছে । গৌহাটীর খানাপারার আসাম পশু চিকিৎসা বিজ্ঞান খেলার মাঠে সাধারণতন্ত্র দিবসের কার্যসূচীতে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য পতাকা উন্মোচন করেন । ভাষণপ্রসঙ্গে রাজ্যপাল শ্রী আচার্য দেশের কষ্টোপার্জিত স্বাধীনতার মূল্য বজায় রাখতে রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান ।আসামের ঐতিহাসিক মঠ ,মন্দির ,পর্যটনস্থল ,স্মারক ইত্যাদির সংরক্ষণের জন্য সরকার গৃহীত পদক্ষেপের কথা তিনি উল্লেখ করেন । রাজ্যপাল বিশেষ করে যুব সম্প্রদায়কে এই ঐতিহাসিক সম্পদসমূহ সংরক্ষণ করে নতুন আসাম গড়ার লক্ষ্যে এগিয়ে যাবার আহ্বান জানান ।

**বাইট----রাজ্যপাল**

বন্দে মাতরম রচনার ১৫০ বছর পূর্তি প্রসঙ্গে রাজ্যপাল এটি কেবল একটি গীত নয় ,এটি স্বাধীনতা সংগ্রামে কোটি কোটি ভারতীয়ের হৃদয়ে দেশভক্তির আগুন জ্বালানোর একটি মন্ত্র বলে উল্লেখ করেন । উল্লেখ্য এবার মিজোরাম পুলিশের একটি দল সহ রাজ্যের ২৪ টি দল গৌহাটীর কুচকাওয়াজে অংশগ্রহণ করেছে । ডিব্রুগড় জেলার খনিকর খেলার মাঠে আয়োজিত সাধারণতন্ত্র দিবসের কার্যসূচীতে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা পতাকা উন্মোচন করেন । এ উপলক্ষ্যে প্রদত্ত ভাষণে মূখ্যমন্ত্রী লক্ষ লক্ষ স্বাধীনতা সংগ্রামীর ত্যাগ ও বীর শহীদদের বলিদানকে ত্রিবর্ণ পতাকা গৌরবে প্রতিনিধিত্ব করে বলে উল্লেখ করেন । মূখ্যমন্ত্রী ড.শর্মা তাঁর ভাষণে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের তথ্য অনুসারে আসামের অর্থনীতি বিগত পাঁচ বছরে দ্রুতগতিতে বৃদ্ধি পেয়েছে বলে মন্তব্য করেন ।

**বাইট---মূখ্যমন্ত্রী**

ডাভোসে অনুষ্ঠিত বিশ্ব অর্থনৈতিক মঞ্চের সম্মেলনে আসাম দেড় লক্ষ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব লাভ করেছে বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ৩০ শে জানুয়ারী আসাম বিধানসভার দ্বিতীয় প্রাঙ্গণের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে মূখ্যমন্ত্রী জানান । সেইসঙ্গে তিনি বাল্যবিবাহের বিরুদ্ধে রাজ্যসরকারের গ্রহণ করা কঠোর স্থিতির বিষয়ে উল্লেখ করেন ।

এদিকে উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যগুলিতেও আজ উৎসাহ উদ্দীপনায় এই দিবস পালন করা হয়েছে ।পাশ্ববর্তী রাজ্য মেঘালয়ের শিলংয়ের পোলো গ্রাউন্ডে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল সি এইচ বিজয়াশঙ্কর জাতীয় পতাকা উন্মোচন করেন ।
অরুণাচলপ্রদেশের ইটানগরে  আয়োজিত সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে রাজ্যপাল অবসরপ্রাপ্ত লেফটেনেন্ট জেনারেল কে টি পারনায়েক তেরঙ্গা পতাকা উন্মোচন করেন ।
মণিপুরের রাজধানী ইম্ফালে ৭৭ তম সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানে রাজ্যপাল অজয় কুমার ভাল্লা জাতীয় পতাকা উন্মোচন করে সমবেত কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন ।
মিজোরামের আইজলেও আজ এই দিবস পালন করা হয়েছে । আইজলের লামুয়েল গ্রাউন্ডে আয়োজিত মূল কার্যসূচীতে রাজ্যপাল ড.বিজয় কুমার সিং জাতীয় পতাকা উন্মোচন করেন ।

নাগালেন্ড ,ত্রিপুরা ও সিকিমেও উৎসাহ উদ্দীপনায় আজ সাধারণতন্ত্র দিবস উদযাপন করা হয়েছে ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে ৭৭তম সাধারনতন্ত্র দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই জাতীয় পতাকা উন্মোচন করেন । এ উপলক্ষ্যে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই সংবিধান , গণতন্ত্র এবং জাতীয় ঐক্যের আর্দশ রক্ষার জন্য সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান । আজ সকালে তিনি মহাত্মা গান্ধীর প্রতিমূর্তিতে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন ।

---

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে ৭৭তম সাধারনতন্ত্র দিবস পালন করা হয়েছে । রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা , পূর্ত ও মৎস্য বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল সকাল ৯টায় শ্রীভূমি শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে জাতীয় পতাকা উন্মোচন করেন । অনুষ্ঠানে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও সরকারী প্রতিষ্টানের পক্ষ থেকে প্যারেড প্রদর্শন করা হয়েছে । পাশাপাশি বিভিন্ন সরকারী বিভাগের ট্যাবলো প্রদর্শন এবং সাংস্কৃতিক নৃত্য পরিবেশিত হয়েছে । জাতীয় পতাকা উত্তোলন করে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল দেশের সংবিধান ,গণতন্ত্র ও জাতীয় ঐক্যের আর্দশ রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন ।

**বাইট - কৃষ্ণেন্দু পাল**

---

এদিকে শ্রীভূমি জেলার রামকৃষ্ণ নগর সমজেলার সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান রামকৃষ্ণ বিদ্যাপীঠের খেলার মাঠে উদযাপন করা হয়েছে । সকাল ৮টা ৪৫ মিনিটে অস্থায়ী শহিদ বেদীতে মাল্যদান এবং সকাল ৯টায় রামকৃষ্ণ বিদ্যাপীঠ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে সমজেলার আয়ুক্ত নীলোৎপল পাঠক জাতীয় পতাকা উন্মোচন করে অভিবাদন গ্রহন করেন । এরপর সমজেলা আয়ুক্ত শ্রীপাঠক বক্তব্য রাখেন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে ৭৭তম সাধারনতন্ত্র দিবস পালন করা হয়েছে । জেলা আয়ুক্ত অভিসেক জৈন সকাল ৯টায় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে জাতীয় পতাকা উন্মোচন করেন । এ উপলক্ষ্যে মোট ১৬টি দল মার্চপাষ্টে অংশ গ্রহন করে এবং ১০টি ট্যাবলো প্রদর্শন করে । জাতীয় পতাকা উন্মোচনের পর বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রীজৈন বলেন ------

**বাইট- অভিসেক জৈন**

---

এদিকে উপত্যকার সব সরকারী-বেসরকারী কার্যলয় ও শিক্ষা প্রতিষ্ঠানেও আজ যথাযোগ্য মর্য্যাদায় ৭৭তম সাধারনতন্ত্র দিবস পালন করা হয়েছে ।

আকাশবাণী শিলচর কেন্দ্রেও আজ সাধারনতন্ত্র দিবস পালন করা হয়েছে । কেন্দ্রের আধিকারীক কুশ প্রসাদ যাদব সকালে জাতীয় পতাকা উন্মোচন করেন ।

ই-মিডিয়া এসোসিয়েশন অব হাইলাকান্দির উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা প্রশাসনের সহযোগীতায় আজ হাইলাকান্দিতে দেশভক্তিমূলক চলচিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । জেলার সিনিয়র সিটিজেন ফোরামের সভাপতি নারায়ন দেবনাথ চলচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন । বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সহ শিশুরা সেভেন্টি টু আওয়ার্স শীর্ষক চলচিত্রটি উপভোগ করে ।

ছোট জালেঙ্গা ও বি সি কমিটির উদ্যোগেও আজ সাধারনতন্ত্র দিবস পালন করা হয়েছে । কমিটির সভাপতি সজল কুমার দত্ত জাতীয় পতাকা উন্মোচন করেন ।

---

রাজ্যে অনুষ্ঠিত এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করনের সময় স্বাক্ষরিত চুক্তি অনুসারে আজ তিনসুকিয়া জেলায় রাজ্যের দ্বিতীয় দক্ষতা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ এই বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । বিশ্বমানের কারিগরী শিক্ষা প্রদানের উদ্দেশ্যে নতুন দিল্লীর ওয়াল্ডড় এডুকেশন মিশনের সহযোগীতায় এই বিশ্ববিদ্যালয়টি দুশ কোটী টাকা ব্যয় সাপেক্ষে ১০ লক্ষ বর্গফুট এলাকার মধ্যে নির্মান করা হবে । এই বিশ্ববিদ্যালয় রাজ্যের বিভিন্ন প্রান্তের যুবক-যুবতীদের দক্ষতা ভিত্তিক এবং প্রযুক্তি আধারিত শিক্ষা প্রদানে সহায়তা হবে বলে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আশা প্রকাশ করেন ।
উল্লেখ্য রাজ্যের প্রথম দক্ষতা বিশ্ববিদ্যালয়টি মঙ্গলদৈয়ে স্থাপন করা হয়েছে ।

---